দৈনিক বাংলা

তারিখ 2 9 AUG 1996
পৃষ্ঠা ১১ কলাম ৩

19

# অশুদ্ধভাবে সেট কোড লেখা খাতা পুনঃ পরীক্ষা, প্রসঙ্গে শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক মঙ্গলবার জাতীয় সংসদকে জানান, এসএসসি পরীক্ষায় যে সকল ছাত্র-ছাত্রী সেটকোড লিখতে ভুল করার কারণে অকৃতকার্য হয়েছে প্রধানমন্ত্রীর নির্দেশে সম্পূর্ণ মানবিক কারণে তাদের পাস করিয়ে দেয়া হয়েছে।

বিএনপি দলীয় সংসদ সদস্য নিজাম উদ্দিন খান (মানিকগঞ্জ-৩) উত্থাপিত জরুরী জনগুরুত্বসম্পন্ন বিষয়ে ৭১ বিধির নোটিশের জবাবে মন্ত্রী সংসদে একথা জানান।

শিক্ষামন্ত্রী বলেন, এসএসসি পরীক্ষায় লাখ লাখ পরীক্ষার্থী শুদ্ধভাবে সেটকোড লিখেছে। মাত্র ৯০৮ জন পরীক্ষার্থী শুদ্ধভাবে সেটকোড না লেখার কারণে পরীক্ষায় উত্তীর্ণ হতে পারেনি। কারণ শুদ্ধভাবে সেটকোড না লিখলে বোঝা যায় না পরীক্ষার্থী প্রশ্নপত্রে সঠিক না ভুল উত্তর দিয়েছে। ৯০৮ জন পরীক্ষার্থীর অভিভাবকদের আবেদনের পরিপ্রেক্ষিতে এবং ছাত্র-ছাত্রীদের ভবিষ্যতের কথা বিবেচনা করে সম্পূর্ণ মানবিক কারণে প্রধানমন্ত্রী তাদের খাতা পুনরায় পরীক্ষা করার নির্দেশ দেন। এই আবেদনের কারণেই অশুদ্ধভাবে সেটকোড লেখা সত্ত্বেও তাদের প্রত্যেককে পাস করিয়ে দেয়া হয়। অশুদ্ধভাবে সেটকোড লেখার পরও যদি তাদের বেশী নম্বর দেয়া হয় তাহলে যারা সঠিকভাবে সেটকোড লিখেছে তাদের প্রতি অবিচার করা হয়। এ সকল বিষয় বিবেচনা করে অশুদ্ধভাবে সেটকোড লেখা সত্ত্বেও তাদের সকলকে পাস করিয়ে দেয়া হয়।